# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 16-08-2025** **Time: 7.35 A.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী অনুপ্রবেশ ও অবৈধ অভিবাসনের বিরুদ্ধে সতর্ক করে বলেছেন, বিষয়টি দেশের জনবিন্যাসের পক্ষে বড় বিপদ।

ভোকাল ফর লোকাল মন্ত্র-কে সামনে রেখে কাজ চালিয়ে যাওয়ার পরামর্শ দিয়েছেন প্রধানমন্ত্রী।

২) উত্তর ২৪ পরগনার পেট্রাপোল স্থলবন্দরে গতকাল একাধিক গুরুত্বপূর্ণ প্রকল্পের উদ্বোধন করেছেন কেন্দ্রীয় জাহাজ প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর।

৩) সিঙ্গুরে নার্সের রহস্যময় মৃত্যুর ময়নাতদন্ত ঘিরে পুলিশ ও মৃতার পরিবারের মধ্যে টানাপোড়েনের পর পুলিশ আজ আদালতে পরিবারের ইচ্ছের কথা জানাবে।

৪) আজ জন্মাষ্টমী। ভগবান শ্রীকৃষ্ণের শুভ আবির্ভাব উপলক্ষে যথোচিত মর্যাদায় দিনটি উদযাপিত হচ্ছে।

৫) ফুটবলপ্রেমী দিবস উপলক্ষে এবারেও আজকের দিনটি রক্তদানের মধ্যে দিয়ে পালিত হবে।

------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী অনুপ্রবেশ ও অবৈধ অভিবাসনের বিরুদ্ধে সতর্ক করে বলেছেন, বিষয়টি দেশের জনবিন্যাসের পক্ষে বড় বিপদ। গতকাল ৭৯ তম স্বাধীনতা দিবসের ভাষণে, শ্রী মোদী অবৈধ অভিবাসনের ফলে উদ্ভূত বিপদ থেকে দেশকে

রক্ষা করতে একটি উচ্চ ক্ষমতাসম্পন্ন জনবিন্যাস মিশন ঘোষণা করেছেন। অনুপ্রবেশকারীরা দেশের যুবসম্প্রদায়ের জীবিকা ছিনিয়ে নিচ্ছে। জনবিন্যাসের পরিবর্তনের ফলে সীমান্ত অঞ্চলে জাতীয় নিরাপত্তা বিঘ্নিত হচ্ছে বলে তিনি উল্লেখ করেন।

বাইট ডেমোগ্রামফি

প্রধানমন্ত্রী বলেন, স্বাধীনতার মহাপর্ব আসলে সংকল্পের এক মহা উৎসব। দেশের সংবিধান প্রণেতারা ভারতকে শক্তিশালী গণতন্ত্র হিসেবে প্রতিষ্ঠিত করেছেন। পাহাড় থেকে মরুভূমি সর্বত্র আজ মাতৃভূমির জয়গান শোনা যাচ্ছে।

দেশের স্বাধীনতা অর্জনে বহু মানুষ আত্মবলিদান দিয়েছে। সমৃদ্ধ ভারতের লক্ষ্যমাত্রা পুরণে রাজনৈতিক দলাদলি ভুলে **ভোকাল ফর লোকাল** মন্ত্রকে সামনে রেখে কাজ চালিয়ে যাওয়ার পরামর্শ দিয়েছেন প্রধানমন্ত্রী।

বাইট ভোকাল ফর লোকাল

অনুষ্ঠানে শ্রী মোদী, দেশের যুব সম্প্রদায়ের জন্য এক লক্ষ কোটি টাকা ব্যয়ে প্রধানমন্ত্রী বিকশিত ভারত রোজগার যোজনার কথা ঘোষণা করেন। এর অধীনে বেসরকারি ক্ষেত্রে নবনিযুক্ত তরুণদের এক মাসের EPF মজুরী ভাতা বাবদ সরকার ১৫ হাজার টাকা পর্যন্ত অর্থ সাহায্য দেবে।

আঞ্চলিক বৈষম্য দূর করতে, দেশের সব থেকে পিছিয়ে পড়া ১০০ টি কৃষি জেলার জন্য আজ ‘PM ধন্য ধান্য কৃষি যোজনা’-র কথা ঘোষণা করেছেন প্রধানমন্ত্রী।

-------------------

এই রাজ্যেও গতকাল ৭৯তম স্বাধীনতা দিবস যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়। মূল অনুষ্ঠানটি হয় কলকাতার রেড রোডে।

রাজ্যপাল সি ভি আনন্দ বোস বিকেলে রাজভবনে এক চা চক্রে আপ্যায়িত করেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী সহ সমাজের বিশিষ্ট ব্যক্তিদের। ছিলেন বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়, বামফ্রন্ট চেয়ারম্যান বিমান বসু প্রমুখ।

-------------------

৭৯ তম স্বাধীনতা দিবস উপলক্ষ্যে দেশের মানুষের স্বার্থে প্রধানমন্ত্রী গতকাল তাঁর বক্তব্যে GST কমানোর যে সিদ্ধান্তের কথা ঘোষণা করেছেন তাকে সাধুবাদ জানিয়েছে জয়েন্ট কাউন্সিল অফ বাস সিন্ডিকেট। সংগঠনের সাধারণ সম্পাদক তপন বন্দ্যোপাধ্যায় বলেন, ডিজেলের উপর GST বসলে অনেক পণ্যের দাম কমবে।

-------------------

উত্তর ২৪ পরগনার পেট্রাপোল স্থলবন্দরে গতকাল একাধিক গুরুত্বপূর্ণ প্রকল্পের উদ্বোধন করেন কেন্দ্রীয় জাহাজ প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর। এর মধ্যে আছে পেট্রাপোল (ল্যান্ড পোর্ট অথরিটি অফ ইন্ডিয়া) LPI এর নবনির্মিত আধুনিক পার্কিং এলাকা এবং কলকাতা ও ঢাকার মধ্যে নতুন বাস ভারত বাংলাদেশ "সৌহার্দ্য যাত্রা"। অনুষ্ঠানে শ্রী ঠাকুর জানান, নতুন এই বাসটি দুদেশের মধ্যে যোগাযোগ আরও সুদৃঢ় করবে।

অন্যদিকে, নবনির্মিত পার্কিং এলাকা পেট্রাপোল স্থলবন্দরে আসা পণ্যবাহী ট্রাক ও বাসের জন্য সুশৃঙ্খল পার্কিং-এর সুযোগ তৈরি করে দেবে। এর ফলে পেট্রাপোল স্থলবন্দরে যানবাহন চলাচলও আরও সহজ হবে, যা ইতিবাচক প্রভাব ফেলবে বাংলাদেশ বাণিজ্যিক সম্পর্কের ক্ষেত্রে। ভারতের অর্থনীতিও আরও মজবুত হবে।

বাইট শান্তনু ঠাকুর

অনুষ্ঠানে স্থলবন্দরে মুখ্য ভবনের সামনে জাতীয় পতাকা উত্তোলন করেন শান্তনু ঠাকুর।

-------------------

যাদবপুর বিশ্ববিদ্যালয়ের প্রাক্তনী ও গবেষক হিন্দোল মজুমদারকে গতকাল আদালতে তোলা হলে ১৮ অগাস্ট পর্যন্ত পুলিশ হেফাজতের নির্দেশ দিয়েছে আলিপুর আদালত। চলতি বছরের পয়লা মার্চ ব্রাত্য বসুর গাড়ি ঘিরে গন্ডগোলের ঘটনায় তাঁর বিরুদ্ধে লুক আউট নোটিশ জারি করা হয়েছিল। গত বুধবার দিল্লী বিমানবন্দর থেকে তাকে গ্রেফতার করে দিল্লী পুলিশ। তারপর কলকাতা পুলিশ ট্রানজিট রিমান্ডে ধৃতকে নিয়ে আসে। পুলিশ সূত্রে জানা গিয়েছে, ব্রাত্য বসুর গাড়ী ঘিরে গন্ডোগোলের ঘটনায় ধৃত হিন্দোল মজুমদার মূল ষড়যন্ত্রী বলে অভিযোগ। তাঁর বিরুদ্ধে হোয়াটসঅ্যাপ, ফেসবুকেও তিনি উস্কানী মূলক কথা লেখার অভিযোগও রয়েছে।

-------------------

যাদবপুর বিশ্ববিদ্যালয়ের প্রাক্তনী ও গবেষক হিন্দোল মজুমদারকে, আদালতে, গতকাল সন্ত্রাসবাদী আফতাব আনসারির সঙ্গে তুলনা করার ঘটনায় যাদবপুর বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি JUTA কড়া সমালোচনা করেছে। JUTA র সাধারণ সম্পাদক অধ্যাপক পার্থ প্রতিম রায় বলেন, পুলিশের হাতে উপযুক্ত প্রমাণ না থাকাতেই এই ধরণের অভিযোগ। এর মাধ্যমে পড়ুয়াদের অসম্মানিত করা হয়েছে বলে পার্থ প্রতীম বাবু মন্তব্য করেন।

-------------------

হুগলীর সিঙ্গুরের নার্সিংহোমে নার্সিং ছাত্রী দিপালি জানার অস্বাভাবিক মৃত্যুর পর তাঁর ময়নাতদন্তকে ঘিরে গতকাল শ্রীরামপুর ওয়ালশ হাসপাতালে উত্তেজনা ছড়িয়ে পড়ে। মৃতার পরিবার ওই হাসপাতালে ময়নাতদন্ত করার ব্যাপারে অনড় থাকলেও বিষয়টি অত্যন্ত স্পর্শকাতর হওয়ায় শেষ পর্যন্ত হুগলী গ্রামীন পুলিশ সিদ্ধান্ত নেয় দেহ

কলকাতায় পাঠানো হবে। এদিকে হাসপাতাল থেকে দেহ বের করার সময় উত্তেজনা চরমে ওঠে। স্থানীয় মানুষ বিক্ষোভ দেখাতে শুরু করেন। দেহ কলকাতায় নিয়ে যাওয়ার পথে বটতলায় জিটি রোড অবরোধ করে বিক্ষোভকারীরা। পুলিশ এসে অবস্থা নিয়ন্ত্রনে আনে।

ডিসি সেন্ট্রাল ইন্দিরা মুখোপাধ্যায় জানিয়েছেন, মৃতার ময়নাতদন্ত পরিবারের ইচ্ছা অনুযায়ী কল্যানী এইএমস বা কম্যান্ড হাসপাতালে হতে পারে। পুলিশ, পরিবারের ইচ্ছের কথা আজ আদালতে জানাবেন। সেই অনুযায়ী দেহ হাসপাতালে পাঠানো হবে। উল্লেখ্য, নার্সিং ছাত্রীর অস্বাভাবিক মৃত্যুর ঘটনায় তাঁর বাবার অভিযোগের ভিত্তিতে পুলিশ ওই নার্সিংহোমের মালিক ও মৃতার প্রেমিককে গ্রেফতার করে। গতকাল আদালতে তোলা হলে ওই দুজনের দশ দিনের পুলিশ হেফাজত হয়েছে।

-------------------

ভগবান শ্রীকৃষ্ণের আবির্ভাব উপলক্ষ্যে শ্রীকৃষ্ণের মন্দিরগুলি আলোর মালায় সাজিয়ে তোলা হয়েছে। গৃহস্থের বাড়িতেও জন্মাষ্টমী উপলক্ষে শ্রীকৃষ্ণের পুজোর আয়োজন করা হয়েছে। বেলুড় মঠেও যথোচিত পালিত হচ্ছে জন্মাষ্টমী। ধর্মীয় আচার অনুষ্ঠান মেনে শ্রীকৃষ্ণের পুজো, ভাগবত পাঠ প্রভৃতির মধ্য দিয়ে আজ বেলুড় মঠে শ্রীকৃষ্ণের জন্মদিন পালিত হচ্ছে। উত্তর কলকাতার গৌড়ীয় মিশনে এবার ১০৬ তম জন্মাষ্টমী উৎসব। সেখানেও জন্মাষ্টমী উপলক্ষে তিন দিন ব্যাপী নানা ধর্মীয় অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। গৌড়ীয় মিশনের পাশাপাশি ইসকন কলকাতাতেও যথোচিত ধর্মীয় আচার অনুষ্ঠানের মধ্য দিয়ে দুদিন ব্যাপী জন্মাষ্টমী উৎসব পালিত হবে।

উত্তর ২৪ পরগনার কচুয়া ও চাকলা ধামে লোকনাথ বাবার জন্মদিন এবং জন্মাষ্টমী উপলক্ষ্যে বিপুল ভক্ত সমাগম হবে।

-------------------

কলকাতা ও হাওড়ার মধ্যে সংযোগকারী বিদ্যাসাগর সেতুর রক্ষণাবেক্ষণের কাজের জন্য যান চলাচল নিয়ন্ত্রণ করা হচ্ছে। আজ রাত ন'টা থেকে আগামীকাল রাত ন'টা পর্যন্ত এই সেতুর উপর দিয়ে চলাচলকারী যানবাহনকে বিকল্প পথে ঘুরিয়ে দেওয়া হবে বলে কলকাতা পুলিশ এক বিজ্ঞপ্তিতে জানিয়েছে।

-------------------

পদ্মশ্রী সাঁতারু বুলা চৌধুরীর হিন্দমোটরের দেবাইপুকুরের বাড়ি থেকে তাঁর সমস্ত মেডেল বিশেষ করে পদ্মশ্রী পুরস্কার, রাষ্ট্রপতি পুরস্কার, বিভিন্ন প্রতিযোগিতায় জেতা সোনা, রূপো ও ব্রোঞ্জের পদক চুরি হয়ে গেছে। ঘরের বিভিন্ন দামি আসবাবপত্র চুরি হয়েছে বলে খবর। কিছুদিন ধরে বাড়িটি ফাঁকাই ছিল। পুলিশ বাড়িটি ঘিরে রেখেছে।

-------------------

ফুটবলপ্রেমী দিবস উপলক্ষ্যে এবারেও আজকের দিনটি রক্তদানের মধ্য দিয়ে পালিত হবে। আইএফএ ও এসোসিয়েশন অফ ভলেন্টারি ব্লাড ডোনার্স, ওয়েস্ট বেঙ্গলের উদ্যোগে কলকাতার ক্ষুদিরাম অনুশীলন কেন্দ্রে এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়েছে। শিবির শুরু হবে সকাল ৯ টায়। চলবে সন্ধ্যা ছ' টা পর্যন্ত। বিভিন্ন জেলায় ১১ টি কেন্দ্রে রক্তদান শিবির অনুষ্ঠিত হবে। এ বছর রক্তদাতাদের প্রাক্তন ফুটবলার সংগ্রাম মুখার্জীর স্বাক্ষরিত শংসাপত্র দেওয়া হবে। ১৯ শো ৮০ সালে ১৬ ই আগস্ট ইডেনে ইস্টবেঙ্গল - মোহনবাগান ম্যাচে এক মর্মান্তিক দুর্ঘটনায় ১৬ জন ফুটবলপ্রেমী প্রাণ হারিয়েছিলেন। সেই ঘটনার স্মরণে প্রতি বছর এই দিনটি রক্তদানের মধ্য দিয়ে ফুটবলপ্রেমী দিবস হিসাবে পালিত হয়ে থাকে।

------------------- -------------------